


ঢাকা ওয়াসা


- ১। মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। ক্যালকুলেশন সীট।
- ৪। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়: Construction of 02 (Two) Nos. Intermediate Manhole at different area (When & Where Required) under MODS Zone-2, Dhaka WASA. (Package-01). (Package-02) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ দয়া করে দেখা যেতে পারে। মডুস জোন-২ এর আওতাধীন নবাবগঞ্জ, জগন্নাথ শাহ রোড, শেখ সাহেব বাজার, ডুরীআঙ্গল লেন, বাড্ডানগর, গনকটুলী এনায়েতগঞ্জ লেন, মনেশ্বর রোড, হাজারীবাগ, সহ তৎসংলগ্ন এলাকা অধিক ঘনবসতিপূর্ণ এলাকা হওয়ায় উল্লিখিত এলাকায় প্রচুর পরিমাণ পয়ঃ বর্জ্য নির্গত হয়। তন্মধ্যে হোল্ডিং নং ১৪/১, জে এন শাহ রোড ও হোল্ডিং নং-৩৫/২, বাড্ডা নগর লেন হতে প্রায় সময়ই সুয়্যারেজ ওভার-ফ্লো এর অভিযোগ পাওয়া যাচ্ছে। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, উল্লিখিত হোল্ডিংগুলির সামনের রাস্তায় ম্যানহোল পিটের দূরত্ব বেশি ও বিদ্যমান ম্যানহোল পিট ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রায় সময় ব্লকেজ হয়ে ওভার ফ্লো দেখা দেয়। বিভাগীয় লোকবল ব্যবহার করে বাথারী দিয়ে ব্লকেজ সমূহ ছাড়ানো হয়। কাজটি বাস্তবায়নের জন্য ০২(দুই) টি "সি" টাইপ মধ্যবর্তী ম্যানহোল নির্মাণ করার লক্ষ্যে এবং বিদ্যমান ঢাকা ওয়াসার পয়ঃ লাইন সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের জন্য একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রঃ-৪)। প্রাক্কলনটি পিডব্লিওডি এর রেইট সিডিউল অনুযায়ী তৈরি করা হয়েছে। উক্ত প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমাণ দাড়িয়েছে টা: ৪,৯৭,১১৯.০০(চার লক্ষ সাতানব্বই হাজার একশত উনিশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃলাইন রক্ষণাবেক্ষণ খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-৫২, প্যাকেজ নং-এস এল এম-৩ তে ধরা আছে।

২। এমতাবস্থায়, Construction of 02 (Two) Nos. Intermediate Manhole at different area (When & Where Required) under MODS Zone-2, Dhaka WASA. (Package-01) কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ অনুসরণে LTM(e-GP) পদ্ধতিতে সম্পাদনের জন্য সর্বমোট টা= ৪,৯৭,১১৯.০০(চার লক্ষ সাতানব্বই হাজার একশত উনিশ) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।


০৬/০৪/২৬
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডুস জোন-২, ঢাকা ওয়াসা


০৪/০৪/২৬
সরদার জাইমুল হোসাইন
সহকারী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা



০৪/০৪/২০২৬
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা।

SE(MODS-1)

৬/০৪/২০২৬


০৭/০৪/২৬
মোঃ ফারুক আলম
সহকারী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা।

EF/2-2

SAE (omaz Faruk)

০৭/০৪/২০২৬